

**মন্ত্রিপরিষদ বিভাগের এপ্রিল ২০১৭ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন**

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: এপ্রিল ২০১৭

প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১৬ মে ২০১৭

**(১) প্রশাসনিক:**

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: মন্ত্রিপরিষদ বিভাগ	২৪৯	১৯৮	৫১
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: দুর্নীতি দমন কমিশন	১,২৬৪	৮৯৯	৩৬৫
মোট	১,৫১৩	১,০৯৭	৪১৬

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদুর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৬	০৫	২৩	১৭	৫১
দুর্নীতি দমন কমিশন	-	-	৪৪	৩৪	১৪৪	০৩	২২৫*

\* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-
২।	দুর্নীতি দমন কমিশন	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	২৯ এপ্রিল ২০১৭ তারিখে নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলা পরিদর্শন করেন।	০৫-০৯ এপ্রিল ২০১৭ মেয়াদে নিউজিল্যান্ড ও অস্ট্রেলিয়া সফর করেন।	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	-
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	-

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প	৫.৮৬ (জাইকা=৫.১৮৯০ জিওবি ০.৬৭৩০)	৫.৫৩৪০ (৯৪%) জাইকা: ৫.১৮৯০ (১০০%) জিওবি: ০.৩৪৫০ (৫১%)	-	-	প্রকল্পের সহযোগী সংস্থা জাইকা অংশের মেয়াদ ৩১ মার্চ ২০১৭ পর্যন্ত। ফলে ডিপিএ অংশের কোন ব্যয় নেই।
Building Capacity for the Use of Research Evidence (BCURE)	সর্বমোট ৮.১৩ ডিপিএ: ৮.০৯ জিওবি: ০০.০৪	৬.৭৩৫৭ (৮৩.২৫%) ০.০৩২৩ (৮০.৭৪%)	-	-	-
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১৯.৭২ জিওবি: ০.৩৩	০৮.৭৫ (৪৪.৩৭%)	-	-	-
Technical Support for CRVS System Improvement in Bangladesh	ডিপিএ: ৩.৩১ জিওবি: ৩৯.৬৮	০.৭০০০ (১৯%)			

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১১টি	০.২৩	-	-	৭টি	২০১২-১৫ অর্থ-বছরের নিরীক্ষাকার্য আগস্ট ২০১৫ মাসে সম্পন্ন হয়েছে। উক্ত নিরীক্ষায় ৪টি অডিট আপত্তি ছিল যা, ২৩ এপ্রিল ২০১৭ তারিখের ২২৭৮/৩এ-৭/নি:প্র:/২০১২-১৫/১০৭১ সংখ্যক স্মারকের মাধ্যমে নিষ্পত্তি হয়। এ ছাড়া বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে বিচারাধীন।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৬টি	২৮১.৬৬	-	১	১৫টি	ত্রিপ্রক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	৩১টি	৯৮৩.৫১৪	০৪	১	২৬টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০২	০১	-	-	-	০২	-
দুর্নীতি দমন কমিশন-১২	-	-	-	১	১১	১৪

\* প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন-১ শাখায় স্থানান্তর করা হয়েছে।

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	Study Tour to New Zealand and Australia স্থান: নিউজিল্যান্ড ও অস্ট্রেলিয়া	০৫-০৯ এপ্রিল ২০১৭	মন্ত্রিপরিষদ বিভাগ	<b>চারজন</b> ১. সচিব (সমন্বয় ও সংস্কার) ২. অতিরিক্ত সচিব ৩. উপসচিব ৪. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব
	২।	Study Tour স্থান: মালয়েশিয়া ও সিঙ্গাপুর	০৯-১৮ এপ্রিল ২০১৭	নৌ-পরিবহন মন্ত্রণালয়	<b>একজন</b> সিনিয়র সহকারী সচিব

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ছয়জন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার তিনটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা তিনটি, সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি সভা অনুষ্ঠিত হয়।

- (২) মন্ত্রিসভা-বৈঠকে ২৫টি সিদ্ধান্ত গৃহীত হয় এবং এর মধ্যে ০৯টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। অবশিষ্ট ১৬টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।
- (৩) ২৭ এপ্রিল ২০১৭ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২৮টি সিদ্ধান্ত গৃহীত হয়।
- (৪) বিদেশি মানববর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত দু'টি পত্র জারি করা হয়।
- (৫) ২০১৭-১৮ অর্থ-বছরে মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্তির জন্য মন্ত্রিপরিষদ বিভাগের প্রাসঙ্গিক ও হালনাগাদ তথ্য-উপাত্ত সংবলিত প্রতিবেদন ০৬ এপ্রিল ২০১৭ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়।
- (৬) মাননীয় অর্থমন্ত্রীর ২০১৭-১৮ অর্থ-বছরের বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্তির জন্য 'ডিজিটাল বাংলাদেশের পথে অগ্রযাত্রা' বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ, এগুলির অগ্রগতি এবং আগামীর পরিকল্পনা ইত্যাদি বিষয়ক হালনাগাদ তথ্য ১৩ এপ্রিল ২০১৭ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়।
- (৭) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নাম পরিবর্তন করে 'আর্থিক প্রতিষ্ঠান বিভাগ' (Financial Institutions Division) নামকরণ এবং উক্ত বিভাগের কার্যতালিকা সংশোধন সংক্রান্ত দুটি প্রজ্ঞাপন জারি এবং বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়।
- (৮) মাননীয় প্রধানমন্ত্রীর বিদেশ যাত্রা এবং বিদেশ থেকে স্বদেশে প্রত্যাবর্তনকালে অনুসরণীয় রাষ্ট্রাচার সংক্রান্ত নির্দেশাবলি ২৭ এপ্রিল ২০১৭ তারিখে জারি করা হয়।
- (৯) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ০৭ এপ্রিল ২০১৭ তারিখ শুক্রবার সকাল ১০:০০ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের BG-1097 ভিডিআইপি ফ্লাইটযোগে দ্বিপাক্ষিক সরকারি সফরে ভারতের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।
- (১০) বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার অ্যান্ড অটিজম বিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির সভাপতি, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন অটিজম বিশেষজ্ঞ, বিশ্ব স্বাস্থ্য সংস্থার মানসিক স্বাস্থ্যবিষয়ক বিশেষজ্ঞ উপদেষ্টা প্যানেলের সদস্য, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দৌহিত্রী এবং মননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্যা কন্যা মিজ্ সাইমা ওয়াজেদ হোসেন বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক ০১ এপ্রিল ২০১৭ তারিখে 'চ্যাম্পিয়ন ফর অটিজম ইন সাউথ-ইস্ট এশিয়া রিজিয়ন' মনোনীত হন। প্রতিবন্ধী ও মানসিক স্বাস্থ্য খাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের গৃহীত পদক্ষেপসমূহ বিশ্বব্যাপী প্রশংসিত হচ্ছে। একই ধারাবাহিকতায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক মিজ্ সাইমা ওয়াজেদ হোসেন-এর এই মনোনয়ন আরেকটি উল্লেখযোগ্য অর্জন। এ বিরল সম্মান আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের অবস্থান ও ভাবমূর্তি আরও গৌরবময়, সুসংহত ও উজ্জ্বলতর করায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তাঁর সুযোগ্যা কন্যা মিজ্ সাইমা ওয়াজেদ হোসেনকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৩ এপ্রিল ২০১৭ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়। এ সংক্রান্ত ০৬ এপ্রিল ২০১৭ তারিখের প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।
- (১১) জনপ্রিয় গীতিকার, সুরকার, কণ্ঠশিল্পী, সঙ্গীত পরিচালক ও বিশিষ্ট মুক্তিযোদ্ধা জনাব লাকী আখান্দ ২১ এপ্রিল ২০১৭ তারিখে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬১ বছর। জনাব লাকী আখান্দের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর রুহের মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২৪ এপ্রিল ২০১৭ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত ২৬ এপ্রিল ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৭.১২৬ সংখ্যক প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।
- (১২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ ২৪ এপ্রিল ২০১৭ তারিখ সোমবার ১৯.৩০ ঘটিকায় এমিরেটস এয়ারলাইন্সের ইকে-৫৮৭ ফ্লাইটযোগে যুক্তরাজ্য ও জার্মানি সফরে লন্ডনের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।
- (১৩) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা International Conference for a Collaborative Framework on Autism Spectrum Disorder (ASD) Highlighting Capacity Development-এ অংশগ্রহণের লক্ষ্যে ১৮ এপ্রিল ২০১৭ তারিখ মঙ্গলবার সকাল ১০:৩৫ ঘটিকায় ভিডিআইপি ফ্লাইটযোগে সরকারি সফরে ভুটানের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

- (১৪) কারাগারে আটক শিশু-কিশোরদের অবস্থার উন্নয়নের লক্ষ্যে গঠিত জাতীয় টাস্কফোর্স কমিটির ২০তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে তথ্য প্রেরণের জন্য ০৪ এপ্রিল ২০১৭ তারিখে সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়; সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং নির্বাহী পরিচালক, অপরাধেয় বাংলাদেশ বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১৫) মোবাইল কোর্ট পরিচালনায় প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্সের সহায়তা প্রদানের বিষয়ে ০৫ এপ্রিল ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১৬) মোটরযানসমূহে বাম্পার, এঞ্জেল ও হক ইত্যাদি লাগানো অবস্থায় পাওয়া গেলে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে ১২ এপ্রিল ২০১৭ তারিখে সকল জেলা ম্যাজিস্ট্রেট বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১৭) পহেলা বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ ও বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে জননিরাপত্তা বিভাগে অনুষ্ঠিত আইনশৃঙ্খলা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৩ এপ্রিল ২০১৭ তারিখে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১৮) মার্চ ২০১৭ মাসের বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে ১৬ এপ্রিল ২০১৭ তারিখে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১৯) মার্চ ২০১৭ মাসের পরিসংখ্যান অনুযায়ী অনূর্ধ্ব ১৬ বছর বয়সী কারাগারে আটক শিশু-কিশোরদের মুক্তিদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৬ এপ্রিল ২০১৭ তারিখে জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম, রাজশাহী ও বান্দরবান বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২০) নরসিংদী জেলায় সংঘটিত স্পর্শকাতর ও চাঞ্চল্যকর ঘটনা সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৮ এপ্রিল ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২১) বিধি-বহির্ভূতভাবে নাটোর সদর উপজেলার খাদ্য গুদামের গম অন্যত্র অপসারণ/পাচার সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৮ এপ্রিল ২০১৭ তারিখে সচিব, খাদ্য মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২২) চট্টগ্রাম এম এ আজিজ স্টেডিয়ামের সামনে নির্মাণাধীন সুইমিং পুল নির্মাণ-কে কেন্দ্র করে সংঘটিত সহিংস ঘটনার প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৩) বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলাধীন পানগুছি নদীতে সংঘটিত ট্রলার ডুবির বিষয়ে ২৩ এপ্রিল ২০১৭ তারিখে সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৪) ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় পাকিস্তান দখলদার সেনাবাহিনী এবং তাদের সহযোগী বাহিনী কর্তৃক যুদ্ধাপরাধ, গণহত্যা, হত্যা, ধর্ষণ, ধর্মান্তরিতকরণ, লুণ্ঠন, অগ্নিসংযোগ ও অন্যান্য মানবতাবিরোধী অপরাধের তদন্ত কাজে সহায়তার জন্য আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চাহিদা অনুযায়ী তথ্য প্রেরণের বিষয়ে ২০ এপ্রিল ২০১৭ তারিখে জেলা প্রশাসক, চট্টগ্রাম, বান্দরবান, নওগাঁ, বরিশাল, ভোলা, হবিগঞ্জ, গাজীপুর, শেরপুর, কিশোরগঞ্জ, জামালপুর, মানিকগঞ্জ, গোপালগঞ্জ, ফরিদপুর, দিনাজপুর, লালমনিরহাট ও কুড়িগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৫) বিভাগীয় কমিশনারগণের সঙ্গে আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে জননিরাপত্তা বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৪ এপ্রিল ২০১৭ তারিখে সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৬) দেশে জজিবাদ দমনে সামাজিক সচেতনতা বৃদ্ধি, উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণ ও সমন্বয়ের লক্ষ্যে গঠিত জজিবাদ প্রতিরোধ এবং প্রতিকার কমিটির ষষ্ঠ সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২৫ এপ্রিল ২০১৭ তারিখে জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৭) রাজশাহী পার্বত্য জেলার স্পর্শকাতর, চাঞ্চল্যকর ঘটনার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৫ এপ্রিল ২০১৭ তারিখে সচিব, সুরক্ষা সেবা বিভাগ এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৮) মার্চ ২০১৭ মাসে গ্রাম আদালতসমূহে মামলা নিষ্পত্তি না হওয়ার বিষয়ে কারণ ব্যাখ্যার জন্য ২৩ এপ্রিল ২০১৭ তারিখে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, চট্টগ্রাম, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, চাঁপাইনবাবগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, মৌলভীবাজার, কুড়িগ্রাম, মেহেরপুর ও ভোলা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৯) মার্চ ২০১৭ মাসে চট্টগ্রাম জেলার গ্রাম আদালতসমূহে সর্বোচ্চ সংখ্যক মামলা নিষ্পত্তি হওয়ায় ধন্যবাদ জ্ঞাপন পত্র ২৩ এপ্রিল ২০১৭ তারিখে জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩০) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় এফআরটি ৪৩ জন, অভিযোগপত্র দাখিল ২৫ জন ও অভিযোগ হতে অব্যাহতি ০২ জন, মামলা দায়ের ১৭ জন, বিভাগীয় ব্যবস্থা গ্রহণ ০২ জন, সাময়িক বরখাস্তকরণ ১২ জন এবং নথিভুক্তির জন্য ৭০ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয় এবং ২ জনকর্মকর্তাকে উপপরিচালক পদে প্ৰেধেণে দুর্নীতি দমন কমিশনে যোগদানের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।

(৩১) বিভিন্ন আইনে ১৯জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(৩২) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ মার্চ ২০১৬ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। প্রমাপ অর্জন এবং পরিদর্শন ও রাত্রিযাপন প্রতিবেদন প্রেরণের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের Key Performance Indicators (KPI)-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

(৩৩) জনাব বিজয় ভট্টাচার্য, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ৩১ অক্টোবর ২০১৬ তারিখে সিলেট ও মৌলভীবাজার জেলা প্রশাসকের কার্যালয়ের ই-ফাইলিং কার্যক্রম পরিদর্শন; জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, অতিরিক্ত সচিব (আইন), মন্ত্রিপরিষদ বিভাগ ২৩-২৫ জানুয়ারি ২০১৭ মেয়াদে মৌলভীবাজার জেলা; ২৩ নভেম্বর ২০১৬ তারিখে খুলনা জেলা এবং ২৪ নভেম্বর ২০১৬ তারিখে খুলনা জেলার কয়রা উপজেলা পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৩৪) বিবেচ্য মাসে মাঠপ্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ০৭ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ১৩ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৩৫) জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণ কর্তৃক বিভিন্ন উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ও পৌর ভূমি অফিস, জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা, এল.এ শাখা, জেনারেল সার্টিফিকেট শাখা ইত্যাদি পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন প্রেরণের জন্য ৪টি জেলার জেলা প্রশাসক বরাবর মোট ০৮টি পত্র প্রেরণ করা হয়।

(৩৬) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত মার্চ দ্বিতীয় ও এপ্রিল প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়। পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৭) বাংলা নববর্ষ ১৪২৪, ঐতিহাসিক মুজিবনগর দিবস, বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা, জাতীয় বৃক্ষরোপণ আন্দোলন ও বৃক্ষমেলা এবং জাতীয় আইনগত সহায়তা দিবস ২০১৭ উদযাপনের বিষয়ে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৮) মাননীয় প্রধানমন্ত্রীর সুনামগঞ্জ জেলা সফর উপলক্ষ্যে বিভাগীয় কমিশনার, সিলেট ও জেলা প্রশাসক, সুনামগঞ্জ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৯) মহামান্য রাষ্ট্রপতির ময়মনসিংহ সফর উপলক্ষ্যে বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ ও জেলা প্রশাসক, ময়মনসিংহ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪০) মুক্তিযোদ্ধাদের স্মৃতিকথা ও সঠিক ইতিহাস সংরক্ষণের বিষয়ে সকল জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়।

(৪১) সুনামগঞ্জ জেলায় পাহাড়ি ঢল থেকে ফসল রক্ষায় বেড়িবঁধ নির্মাণ ও সংস্কারের বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(৪২) পরিবার পরিকল্পনার স্থায়ী (এনএসভি ও টিউবেকটিমি) ও দীর্ঘমেয়াদি (আইইউডি ও ইমপ্ল্যান্ট) কার্যক্রমের সংশ্লিষ্ট সেবাগ্রহীতা, সেবা প্রদানকারী, রেফারকারী ও ব্যবস্থাপকদের তাৎক্ষণিক পরিশোধযোগ্য ভাতাদি/ফি, আনুষঙ্গিক ব্যয়ের অর্থ বর্ধিত হারে পরিশোধের জন্য দুর্গম এলাকার তালিকার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের মতামত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

- (৪৩) সুনামগঞ্জ ও নেত্রকোণা জেলায় ওএমএস কার্যক্রম চালু ও খাদ্য-বান্ধব কর্মসূচির আওতা বৃদ্ধিকরণ বিষয়ে খাদ্য মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৪৪) অতিবর্ষণ ও পাহাড়ি ঢলে সুনামগঞ্জ জেলার ক্ষয়ক্ষতির বিবরণ এবং জিআর ক্যাশ, জিআর চাল ও টেউটিনের চাহিদার বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৪৫) World Summit on the Information Society (WSIS) আন্তর্জাতিক সম্মাননা অর্জনের লক্ষ্যে ভোট প্রদানের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৪৬) ০২ এপ্রিল জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের নিমিত্ত প্রণীত খসড়া কর্ম-পরিকল্পনার ওপর কর্মশালা অনুষ্ঠিত হয়।
- (৪৭) ১১ এপ্রিল সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সভা অনুষ্ঠিত হয়।
- (৪৮) ১৫ এপ্রিল সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়।
- (৪৯) ১৬ এপ্রিল মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত প্রণীত ও মুদ্রিত ‘সরকারের বিভিন্ন মেয়াদে (২০০৮-০৯ হতে ২০১৪-১৫) গৃহীত সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচিসমূহ এবং এসবের ফলাফলের সময়ভিত্তিক তুলনামূলক পরিসংখ্যান’ শীর্ষক প্রতিবেদনটি মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ শাখাতে প্রেরণ করা হয়।
- (৫০) ১৮-১৯ এপ্রিল ২০১৭ তারিখে মন্ত্রণালয়/বিভাগের অধীন অধিদপ্তর/সংস্থাসমূহের সেবা ই-সার্ভিসে রূপান্তরের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই-এর যৌথ উদ্যোগে ‘ই-ইনোভেশন রোডম্যাপ প্রণয়ন’ সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়।
- (৫১) ২০ এপ্রিল ২০১৭ তারিখে মাঠ পর্যায়ের ১৬টি ইনোভেশন ও চাঁদপুর এবং জামালপুরের জেলা ব্যান্ডিংসহ মন্ত্রিপরিষদ বিভাগের ইনোভেশন শোকেসিং অনুষ্ঠিত হয়।
- (৫২) ২৩ এপ্রিল ২০১৭ তারিখে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের অধীন অধিদপ্তর/সংস্থাসমূহের গুরুত্বপূর্ণ সেবাসমূহ ই-সার্ভিসে রূপান্তরের লক্ষ্যে বাজেট বিষয়ক একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।
- (৫৩) ৩০ এপ্রিল ২০১৭ তারিখে ভূমি সেবা প্রত্যাশীগণ যাতে কম সময়, কম খরচ এবং হয়রানিমুক্তভাবে একটি মাত্র সেবাক্ষেত্রের (www.land.gov.bd) মাধ্যমে ভূমি সেবা গ্রহণে সক্ষম হন, তার জন্য এ বিভাগ থেকে একটি প্রজ্ঞাপন জারি করা হয়।
- (৫৪) ২৫ এপ্রিল ২০১৭ তারিখে সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের সভাপতিত্বে ‘Capacity Development of the Cabinet Division and Field Administration’ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের ‘প্রকল্প যাচাই কমিটি’-এর সভা অনুষ্ঠিত হয়।
- (৫৫) উন্নয়ন সহযোগিতা সংক্রান্ত জাতীয় নীতিমালার (National Policy on Development Cooperation) চূড়ান্ত খসড়া বিষয়ে মতামত প্রেরণ করা হয়।
- (৫৬) নতুন সৃষ্ট দুইটি বিভাগের ওয়েবসাইটে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত ফরম্যাট অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন করার জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৫৭) ২০১৭-১৮ অর্থ-বছরে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন সংক্রান্ত পরিপত্র জারি করা হয়।
- (৫৮) ১৬ এপ্রিল ২০১৭ তারিখে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত এক্সপার্ট-পুলের সদস্য এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত টিমের প্রধানদের অংশগ্রহণে একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।
- (৫৯) ৬ এপ্রিল ২০১৭ তারিখে ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’-এর প্রজ্ঞাপনটি গেজেট আকারে জারি করা হয়।
- (৬০) ৪ এপ্রিল ২০১৭ তারিখে দেশের সকল সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল অন্তর্ভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহে পত্র প্রেরণ করা হয়।

গ. আগামী দুই (মে-জুন) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

- (১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।
- (২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।
- (৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।
- (৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।
- (৫) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।
- (৬) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।
- (৭) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।
- (৮) জানুয়ারি ২০১৫ থেকে ডিসেম্বর ২০১৫ মাস পর্যন্ত সময়ে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের বিজ্ঞপ্তি, কার্যবিবরণী ও সারসংক্ষেপসমূহ বই আকারে বাঁধাই সংক্রান্ত কার্যাবলি সম্পাদন করা।
- (৯) 'Preparatory Phase of Civil Registration and Vital Statistics in Bangladesh' শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া সম্পাদন।
- (১০) সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠান।
- (১১) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা।
- (১২) আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটির সভা।
- (১৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত 'কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি'-এর সভা অনুষ্ঠান।

(মুহাম্মদ আসাদুল হক)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৫৭৪৪৯

e-mail: report\_sec@cabinet.gov.bd